

বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫



আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (আমাই)
ইউনেশ্বো ক্যাটগরি-২ ইনসিটিউট

সূচিপত্র

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (আমাই) প্রতিষ্ঠার পটভূমি
আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ২০১৪

প্রশাসনিক ও অবকাঠামোগত কার্যক্রম

- জনবল নিয়োগ
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর অঙ্গতি

পরিচালনা বোর্ডের সভা

- চতুর্থ সভা
- পঞ্চম সভা

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্ঘাপন

- উদ্বোধনী অনুষ্ঠান
- আন্তর্জাতিক সেমিনার
- চিত্রাঙ্কন প্রতিযোগিতা
- লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান

ইনসিটিউট পরিদর্শন

- ইউনেস্কো পরিদর্শক দল
- হাইকমিশনার/রাষ্ট্রদূত/অ্যাম্বাসেডর
- লিখনিয়ান রাষ্ট্রদূতের ইনসিটিউট পরিদর্শন

ভাষা-জাদুঘর পরিদর্শন

প্রকাশনা

- স্মরণিকা ২০১৫
- মাতৃভাষা জার্নাল
- নিউজলেটার ও মাতৃভাষা বার্তা
- *IMLI Newsletter*

সেমিনার/কর্মশালা

- যৌথ উদ্যোগে সেমিনার
- আন্তর্জাতিক সেমিনার

নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচি

- সার্ভার স্থাপন
- কর্মসূচি সংক্রান্ত মতবিনিময় সভা
- সমীক্ষা কার্যক্রমের অঙ্গতি

আমাই প্রতিনিধিদলের জাপানে শিক্ষাসফর

২০১৪-১৫ অর্থবছরের ব্যয় বিবরণী

- আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
- বাংলাদেশের নৃতাত্ত্ববৈজ্ঞানিক সমীক্ষা
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উপলক্ষে প্রকাশিত স্মরণিকার প্রচ্ছদচিত্র

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (আমাই) প্রতিষ্ঠার পটভূমি

বিশ্বের বিপন্ন ও প্রায়-বিলুপ্ত ভাষাসমূহের সংরক্ষণ ও বিকাশের লক্ষ্যে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘ কর্তৃক অমর একুশে ফেরুজ্যারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয়। এই স্বীকৃতির ফলে মাতৃভাষার সম্মান ও মর্যাদা রক্ষায় ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বাঙালির অতুলনীয় আত্মানের গৌরব বিশ্বময় বিস্তৃত হয়েছে। জাতি-ধর্ম-বর্ণ-গোষ্ঠী ও সম্প্রদায় নির্বিশেষে পৃথিবীর সকল মাতৃভাষাভাষী মানুষ এ অর্জনের ফলে উজ্জীবিত এবং মাতৃভাষার উন্নয়ন ও আধুনিকায়নে সচেষ্ট। কানাডাপ্রবাসী (প্রয়াত) রফিকুল ইসলাম এবং কানাডার বহুভাষিক ও বহুজাতিক সংগঠন *Mother Language Lovers of the World* (বিশ্ব মাতৃভাষা প্রেমিকগোষ্ঠী) প্রাথমিক পর্যায়ে সক্রিয় ভূমিকা পালন করে। পরবর্তী পর্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু-কন্যা শেখ হাসিনার সময়োচিত ও ত্বরিত পদক্ষেপ গ্রহণের ফলে এ সাফল্য বাস্তব রূপ লাভ করে। প্রধানমন্ত্রী তাঁর ঘোষণার পরিপ্রেক্ষিতে ১৫ মার্চ ২০০১ ঢাকার সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি এ আনান এ-অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী ২০১০ সালের অমর একুশে ফেরুজ্যারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (আমাই) ভবনের শুভ উদ্বোধন করেন। এর ধারাবাহিকতায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট একটি সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কাজ করে যাচ্ছে। ১২ জানুয়ারি ২০১৬ তারিখে প্রতিষ্ঠানটি ইউনেস্কো ক্যাটিগরি-২ ইনসিটিউটের স্বীকৃতি লাভ করেছে।



আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি এ আনান এসময় উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ২০১৪

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট প্রতিষ্ঠার পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পৃষ্ঠপোষক করে জাতীয় সংসদে ২০১০ সালের ১২ অক্টোবর আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট আইন, ২০১০ (২০১০ সালের ৫৯ সংখ্যক আইন) পাশ করা হয়। এই আইনের ২২-সংখ্যক ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ৬ মার্চ ২০১৪ ইনসিটিউট কর্তৃক সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ২০১৪ প্রণয়ন করা হয়। এ প্রবিধানমালা বাংলাদেশ গোজেটের অভিযন্ত সংখ্যায়, বৃহস্পতিবার, এপ্রিল ২৪, ২০১৪ খ্রি. প্রকাশিত হয়।

প্রশাসনিক ও অবকাঠামোগত কার্যক্রম

জনবল নিয়োগ

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের প্রিধানমালা অনুসারে ৬টি ক্যাটিগরিতে ৭ (সাত) জন এবং আউটসোর্সিং-এর মাধ্যমে ১০ (দশ) জন কর্মচারীকে নিয়োগ দেওয়া হয়েছে। অবশিষ্ট শূন্যপদসমূহ পূরণের কাজ প্রক্রিয়াধীন।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)-এর অগ্রগতি

ইনসিটিউটের ৪১৪ আসনবিশিষ্ট অডিটোরিয়ামের নির্মাণ এবং এর অভ্যন্তরীণ সাজসজ্জার কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। ২১ ফেব্রুয়ারি ২০১৫ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে এটির শুভ উন্মোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া বর্তমানে ইনসিটিউটের ৪ষ্ঠ, ৫ম ও ৬ষ্ঠ তলার নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। উল্লেখ্য, ১২তলা ভিত্তিবিশিষ্ট ইনসিটিউট ভবনের ৭ম থেকে ১২শ তলা নির্মাণের লক্ষ্যে একটি প্রকল্প (৩য় পর্যায়) গ্রহণের জন্য ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্তির প্রস্তাৱ শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।



২১ ফেব্রুয়ারি ২০১৫ : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের নবনির্মিত অডিটোরিয়াম ভবন উন্মোধন করছেন। অন্যান্যের মধ্যে মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি এসময় উপস্থিত ছিলেন।

পরিচালনা বোর্ডের সভা

চতুর্থ সভা

পরিচালনা বোর্ডের চতুর্থ সভা ৭ সেপ্টেম্বর ২০১৪ সকাল ১০টায় বোর্ডের চেয়ারম্যান মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এমপির সভাপতিত্বে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় যেসব সিদ্ধান্ত গৃহীত হয়, সেগুলো হলো: সরকারি নিয়োগবিধি অনুসরণ পূর্বক প্রয়োজনীয় জনবল নিয়োগ, মাতৃভাষা জার্নাল প্রকাশের জন্য সম্পাদনা পরিষদ গঠন; বাংলাদেশের ন্তৃভাষাবেজ্জিনিক সমীক্ষার কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতির কার্যক্রমে গুরুত্ব প্রদান; ভাষা-জাদুঘর সমন্বকরণ ও আধুনিকায়নের লক্ষ্যে দুর্লভ ছবি, স্ক্রিপ্ট, সিডি ইত্যাদি সংগ্রহ এবং এতদ্সংক্রান্ত দেশি-বিদেশি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগক্রমে sound system visualize, film develop করার উদ্যোগ গ্রহণ; বিদ্যমান গ্রন্থাগারটিকে আধুনিকায়নের যথাযথ কার্যক্রম গ্রহণ;

বিশ্বের বিভিন্ন দেশের সমরূপ প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখে সমরোতা চুক্তি স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ ইত্যাদি।



৭ সেপ্টেম্বর ২০১৪ : পরিচালনা বোর্ডের ৪ৰ্থ সভার সভাপতি মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এমপি ও উপস্থিত সদস্যবৃন্দ

পঞ্চম সভা

মাননীয় শিক্ষামন্ত্রী ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের পরিচালনা বোর্ডের সভাপতি নুরুল ইসলাম নাহিদ, এমপির সভাপতিত্বে ইনসিটিউটের সভাকক্ষে ২৬ জানুয়ারি ২০১৫ বিকাল ০২:৩০টায় পরিচালনা বোর্ডের পঞ্চম সভা অনুষ্ঠিত হয়। সভায় সগূর্হ পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০১৬-২০২০) Documentation of Dialects in Bangladesh শৈর্ষক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য গবেষণা প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন, ইনসিটিউট ভবনের ৪ৰ্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় অন্তিবিলম্বে জনবল নিয়োগ, ভাষা-জাদুঘর সমৃদ্ধকরণ, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতিবিষয়ক কাজে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতা গ্রহণ, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্যাপন ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নবনির্মিত অডিটোরিয়াম উদ্বোধন, ইউনেস্কোর ফিজিবিলিটি স্টাডি টিমের প্রতিবেদন অবহিতকরণ, আন্তর্জাতিক সেমিনারে বিভিন্ন দেশের খ্যাতিমান ভাষাবিজ্ঞানীদের উপস্থিতি নিশ্চিত-করণ ইত্যাদি সিদ্ধান্ত গৃহীত হয়।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্যাপন

উদ্বোধনী অনুষ্ঠান

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। এ উপলক্ষে তিন দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। একুশে ফেব্রুয়ারি বিকাল ৪টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের প্রধান পৃষ্ঠপোষক জননেত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এমপি। স্বাগত বক্তব্য প্রদান করেন প্রাক্তন শিক্ষাসচিব মো. নজরুল ইসলাম খান, প্রবন্ধ পাঠ করেন কথাসাহিত্যিক সেলিনা হোসেন এবং ধন্যবাদ উত্তোলন করেন ইনসিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী। বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংসদ সদস্য, সচিব, শিক্ষাবিদ, ভাষাবিদ, বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধি ও দেশ-বিদেশের আমন্ত্রিত অতিথিরূপে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক সেমিনার

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ এবং ইউনেক্সের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ২২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে দিনব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে *Preservation and Promotion of Mother Language and Multilingualism: Scope to make IMLI as a Research Hub* শীর্ষক আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক ও বিশিষ্ট ভাষাবিজ্ঞানী অধ্যাপক পরিত্র সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারের প্রথম অধিবেশনে প্রবন্ধ উপস্থাপন করেন কানাডার অটোয়া বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ফিলিস ডেইলি, নেপালের ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল ডিপার্টমেন্ট অব লিঙুইস্টিক্সের অধ্যাপক ড. দানরাজ রেগমি, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব ফয়জুল লতিফ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক নায়রা খান।

সেমিনারের দ্বিতীয় অধিবেশনে ইউনিভার্সিটি অব লিবারাল আর্টস বাংলাদেশের প্রফেসর ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলামের সভাপতিত্বে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশে ইউনেক্সের সাবেক প্রতিনিধি জার্মানির উল্ফ ভোলম্যান, ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনসিটিউটের পরিচালক অধ্যাপক প্রবাল দাশগুপ্ত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাদেকা হালিম, বিশিষ্ট গবেষক প্রশান্ত ত্রিপুরা, ব্র্যাক শিক্ষা কর্মসূচির পরিচালক ড. সফিকুল ইসলাম। সেমিনারে উপস্থিত ছিলেন ইনসিটিউটের উর্ধ্বতন কর্মকর্তাসহ সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক, গবেষক, ঢাকার বিভিন্ন সরকারি কলেজের অধ্যক্ষ ও বেসরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের উদ্যোগে ২৩ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে শিশুদের এক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বাংলাদেশ জাতীয় ইউনেক্সে কমিশন ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় সকাল ০৯:৩০টায় ইনসিটিউট প্রাঙ্গণে অনুষ্ঠিত এ আয়োজনে ঢাকাত্ত বিভিন্ন দেশের দৃতাবাস, জাতিসংঘ-সহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে আগত শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রধান অতিথি ও প্রধান বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন শিল্পী মুস্তাফা মনোয়ার। তার সহযোগী বিচারক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারকলা ইনসিটিউটের অধ্যাপক আবুল বারক আলভী এবং জাতীয় শিল্পকলা একাডেমির প্রশিক্ষক প্রদ্যোতকুমার দাস। পুরস্কার প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব এ. এস. মাহমুদ। সব শেষে সকল প্রতিযোগীকে ইনসিটিউটের ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়।

লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠান

ইনসিটিউটের নিজস্ব মিলনায়তনে ২৩ ফেব্রুয়ারি ২০১৫ বিকাল ০৩:০০টায় বাংলাদেশ টেলিভিশন, কুন্দ্ৰ নৃগোষ্ঠী ও বিদেশি দৃতাবাসের শিল্পীদের অংশগ্রহণে এক মনোজ লোকজ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ইনসিটিউট পরিদর্শন ইউনেক্সো পরিদর্শকদল

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটকে ইউনেক্সোর ক্যাটগরি-২ প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদানের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ইউনেক্সো মনোনীত দুজন নিরপেক্ষ পরামর্শক যথাক্রমে ড. বিন বিষ্ণা ও অধ্যাপক পাউলি জিতে ২-৫ নভেম্বর ২০১৪ তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট পরিদর্শন করেন। তারা দুটি সভায় মিলিত হয়ে ইনসিটিউটের বিভিন্ন কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত হন। সফরকালে প্রতিনিধিদল মাননীয় শিক্ষামন্ত্রী মুরুল ইসলাম নাহিদ, এমপি; বিভিন্ন মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তা, ঢাকা বিশ্ববিদ্যালয়, বেসরকারি সংস্থা, দাতাসংস্থা ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গেও মতবিনিময় করেন।

হাইকমিশনার/রাষ্ট্রদূত/অ্যাম্বাসেডর

পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় ইউনেক্সো কমিশনের সহযোগিতায় ইউনেক্সোর সদস্যভুক্ত এশিয়া মহাদেশের হাইকমিশনার ও রাষ্ট্রদূতদের আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট পরিদর্শনের আমন্ত্রণ জানানো হয়।

চাকায় বিভিন্ন হাইকমিশন ও দূতাবাসের প্রতিনিধিবৃন্দ ১৬ সেপ্টেম্বর ২০১৪ আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট পরিদর্শন করেন। তাদের মধ্যে ছিলেন প্যালেস্টাইন দূতাবাসের সামিরা মেহতাব, ভারতীয় হাইকমিশনের জিষুওসন্ন মুখোপাধ্যায়, ভিয়েতনামের নগরেন ভিয়েত তুয়ান, সিঙ্গাপুরের ড্যারিল লাউ, ভুটানের কিনজাং দোর্জি, মালয়েশিয়ার মহামাদ পিউরি ভিমান, ক্রনেই দাকুসসালামের সিতি রিলাওতি ইদ্রিস, ইন্দোনেশিয়ার তিলারি ইজি প্রমুখ। অতিথিবৃন্দ ইনসিটিউটের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং ইনসিটিউটের ভাষা-জাদুঘর পরিদর্শন করেন।

লিথুয়ানিয়ান রাষ্ট্রদূতের ইনসিটিউট পরিদর্শন

লিথুয়ানিয়ান রাষ্ট্রদূত লাইমোনাস তালাত-কেল্লসা ১৯মে ২০১৫ আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট পরিদর্শন করেন। তার সফরসঙ্গীদের মধ্যে ছিলেন স্ত্রী এলিনা তালুনতাইতে ও ডেপুটি চিফ অব মিশন, কাউপিলির জাস্টিনাস বাকুনাস। পরিদর্শনকালে পরবর্ত্তী, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের বিভিন্নস্থানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তারা আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। সভায় মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী ইনসিটিউটের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অতিথিদের অবহিত করেন। সভা শেষে অতিথিবৃন্দ ভাষা-জাদুঘর পরিদর্শন করেন।

ভাষা-জাদুঘর পরিদর্শন

ইনসিটিউটের ভাষা-জাদুঘর সরকারি ছাত্রির দিন ব্যতীত সকাল ০৯:০০টা থেকে বিকাল ০৫:০০টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকে। প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থী ও তাদের শিক্ষক, বিভিন্ন পর্যায়ের দর্শনার্থী ছাড়াও দেশ-বিদেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ গত কয়েক মাসে ইনসিটিউটের ভাষা-জাদুঘর পরিদর্শন করেছেন। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি দল হলো:

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) থেকে শিক্ষাসফরে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের একদল প্রশিক্ষণার্থী (২৭ মে ২০১৫)

আই.এস.ডি ইন্টারন্যাশনাল হাই স্কুল, বসুন্ধরা, ঢাকা (২৭ নভেম্বর ২০১৫) ইত্যাদি

প্রকাশনা

স্মরণিকা ২০১৫

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্যাপন উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ শীর্ষক স্মরণিকা প্রকাশ করা হয়। স্মরণিকায় ৭ জন ভাষাশহীদের সচিত্র পরিচিতিসহ দেশি-বিদেশি ভাষা-গবেষক ও লেখকদের বাংলা ও ইংরেজি ভাষায় রচিত প্রবন্ধটি সংকলিত হয়েছে। এছাড়া ১৯৭১ সালের ২১শে ফেব্রুয়ারি শহীদ মিনারে প্রদত্ত জাতির জনক বঙবন্ধু শেখ মুজিবুর রহমানের ‘আমার রক্ত দিয়ে তোমার রক্তদান নিশ্চয়ই শোধ করতে চেষ্টা করব’ শীর্ষক ভাষণ অন্তর্ভুক্ত করা হয়েছে। স্মরণিকায় পঞ্চ প্রবন্ধসমূহ হচ্ছে: ‘রফিকুল ইসলাম-‘একুশ শতকে বাংলাভাষা’,

আহমদ রফিক-‘একুশের পূর্বসূরি রাজনীতিক ও একুশের মূল কারিগর ছাত্র-যুবসমাজ’, কামাল লোহানী-‘সর্বস্তরে বাংলার প্রচলন কেন হচ্ছে না’, সেলিনা হোসেন-‘ভাষা আন্দোলন থেকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস : নারীর প্রজ্ঞা’, মফিদুল হক-‘মাতৃভাষা ও জাতিসন্তা’; উদয়নারায়ণ সিংহ-‘মাতৃভাষা’; স্কটল্যান্ডের লেখক ফিনলে এম ম্যাকলেয়েড (*Finay M. Macleod*) *Adults Are The Key*’ এবং সিংইয়ং শ্রো-‘শ্রো ভাষা ও বর্ণমালার ক্রমবিকাশ’।

মাতৃভাষা জার্নাল

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট আইন, ২০১০ এবং পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ইনসিটিউট থেকে ভাষা বিষয়ে বাংলায় মাতৃভাষা ও ইংরেজিতে *Mother Language* গবেষণা জার্নাল প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্তের আলোকে মাতৃভাষা ১ম সংখ্যা (জানুয়ারি-জুন ২০১৫) প্রকাশিত হয়েছে। এতে দেশ-বিদেশের ভাষাবিজ্ঞানী, নূরিজ্জনী, ভাষা-গবেষকগণের ১১টি লেখা সংকলিত হয়েছে। প্রবন্ধগুলিতে বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গের মাতৃভাষা, বিভিন্ন নৃগোষ্ঠীর মাতৃভাষার পরিচয়, বর্তমান পরিস্থিতি ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়েছে। অন্তর্ভুক্ত প্রবন্ধসমূহ হলো: কঁফঁ ভট্টাচার্য-‘মাতৃভাষা ও পশ্চিমবঙ্গের মাতৃভাষা প্রসঙ্গ’, প্রাবল দাশগুপ্ত-‘জবান-জমিনের আবাদ’, হাকিম আরিফ-‘মাতৃভাষা : ভাব, ভাবনা ও সন্তাবনা’, এ কে শেরাম-‘আমাদের মাতৃভাষা মণিপুরি’, রণজিত সিংহ-‘মণিপুরি বিষ্ফুলিয়া ভাষা : সংরক্ষণ ও উন্নয়ন’, মথুরা বিকাশ ত্রিপুরা-‘কক্ষবরক ভাষার সংক্ষিপ্ত বৃত্তান্ত’, এস সি আলবার্ট সরেন-‘সান্তালি : সান্তাল জাতিসন্তানের মাতৃভাষা’, কর্মধন তত্ত্বস্যা-‘তত্ত্বস্যা ভাষার ব্যাকরণ ও লিখনব্যবস্থা’, জির কুং সাহু-‘বম ভাষা ও ভাষিক সম্প্রদায়’, থয়সাপ্রে খিয়াং-‘বাংলাদেশের খিয়াং ভাষা’ এবং ক্যাথিংঅং-‘রাখাইন সম্প্রদায় ও রাখাইন ভাষা’।

নিউজলেটার ও মাতৃভাষা বার্তা

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের বিভিন্ন কার্যক্রম-সংক্রান্ত ত্রৈমাসিক নিউজলেটার মাতৃভাষা বার্তার ২য়-৩য় বর্ষের ১ম সংখ্যা (এপ্রিল ২০১৫) প্রকাশিত হয়েছে। মাতৃভাষা বার্তা সকল মন্ত্রণালয়, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সংশ্লিষ্ট বিভাগ, সকল শিক্ষাবোর্ড ও সরকারি প্রতিষ্ঠানের প্রধান, সকল জেলা প্রশাসকের দণ্ডন, জেলা গণগ্রাহাগার, বিভিন্ন কলেজের অধ্যক্ষ, মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, দৈনিক পত্রিকার সম্পাদকসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নিকট প্রেরণ করা হয়েছে।

IMLI Newsletter

প্রথমবারের মতো ত্রৈমাসিক নিউজলেটার মাতৃভাষা বার্তার ইংরেজি ভাস্বন *IMLI Newsletter* এপ্রিল ২০১৫ সংখ্যা প্রকাশিত হয়েছে। সামনে পরবর্তী সংখ্যা প্রকাশের কাজ চলছে।

সেমিনার/কর্মশালা

যৌথ উদ্যোগে সেমিনার

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও গণসাম্রাজ্য অভিযানের যৌথ উদ্যোগে ৩০ ডিসেম্বর ২০১৪ ইনসিটিউটের সম্মেলন কক্ষে পার্ট্যপুন্তকে ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবন ও সংস্কৃতি পর্যালোচনা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। ইনসিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. রণজিৎকুমার বিশ্বাস এবং বিশেষ অতিথি প্রাত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক শিরিন আখতার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সিরাজুল হক খান। মূল প্রবন্ধ

উপস্থাপন করেন লেখক ও গবেষক প্রশান্ত ত্রিপুরা। সেমিনারে উপস্থিত ছিলেন ইনসিটিউটের উর্ধ্বতন কর্মকর্তাসহ বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক প্রণেতা, দেশীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা এবং পাহাড়ি ও সমতল অঞ্চলের স্কুল ন্যোটীয় প্রতিনিধি, শিক্ষাগবেষক, আদিবাসী অধিকার বিষয়ক বিভিন্ন সংস্থা মিলিয়ে প্রায় ৬০ (ষাট) জন প্রতিনিধি। স্বাগত বক্তব্য প্রদান ও সেমিনারের উদ্দেশ্য বর্ণনা করেন গণসাক্ষরতা অভিযান-এর উপপরিচালক তপনকুমার দাশ।

আন্তর্জাতিক সেমিনার

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের উদ্যোগে ৬ সেপ্টেম্বর ২০১৪ আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। দেশি/বিদেশি বিশেষজ্ঞগণ, বিভিন্ন ভাষা ও সংস্কৃতির প্রতিনিধি ছাড়াও মন্ত্রণালয়, দপ্তর ও অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তা, ঢাকাস্থ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সরকারি কলেজের অধ্যক্ষবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষাসচিব ড. মোহাম্মদ সাদিকের সভাপতিত্বে অনুষ্ঠিত দুই পর্বের সেমিনারে উদ্বোধনী অংশে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি এবং বিশেষ অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

দ্বিতীয়পর্বে সভাপতিত্ব করেন ভাষাবিজ্ঞানী অধ্যাপক রফিকুল ইসলাম। ‘প্রমিত বাংলা উচ্চারণ : দুই বাংলার সহযোগ’ বিষয়ে প্রবক্ত উপস্থাপন করেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্রভবনের অধ্যাপক ড. উদয়নারায়ণ সিংহ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক মহাম্মদ দানীউল হক। আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ড. নিরঞ্জন অধিকারী এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী।



বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচির মতবিনিময় সভা

নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচি

সার্ভার স্থাপন

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ইতোমধ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ত্রয় ও লোকবল নিয়োগের কাজ সম্পন্ন হয়েছে। কাজের সুবিধার্থে সার্ভার স্থাপনসহ ইন্টারনেট/ওয়াই-ফাই সংযোগ প্রদান করা হয়েছে। সার্ভারে নিয়মিতভাবে মাঠপর্যায় থেকে সংগৃহীত তথ্যাদি সংরক্ষণ করা হচ্ছে।

কর্মসূচি সংক্রান্ত মতবিনিময় সভা

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা শীর্ষক গবেষণা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২২ ও ২৬ নভেম্বর ২০১৪ আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের সম্মেলন কক্ষে দুটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রথম সভায় সভাপতিত্ব করেন ইনসিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। উদ্বোধনী বক্তব্য প্রদান করেন কর্মসূচির প্রাক্তন পরিচালক (যুগ্ম সচিব) ড. অরংগা বিশ্বাস। মতবিনিময় সভায় কর্মসূচির পরামর্শক (ভাষা) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সৌরভ সিকদার কর্মসূচির পরিচিতি উপস্থাপন করেন। পাহাড়ি ও সমতল অঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠী, আদিবাসী অধিকার বিষয়ক বিভিন্ন সংস্থা ও আদিবাসী ছাত্রসংগঠনের প্রতিনিধিবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

শিক্ষাসচিব মো. নজরুল্ল ইসলাম খানের সভাপতিত্বে ২৬ নভেম্বর ২০১৪ কর্মসূচির দ্বিতীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তরের উর্ধ্বর্তন কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও গবেষকগণ উপস্থিত ছিলেন। বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচির পরামর্শক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাইফুর রশীদ কর্মসূচির পরিচিতি এবং পরামর্শক হাসান আল শাফী কর্মসূচির পরিচিতি, গবেষণাপদ্ধতি, নৃগোষ্ঠীর পরিচিতি ও কর্মসূচির অগ্রগতি সর্বিস্তার তুলে ধরেন।

সমীক্ষা কার্যক্রমের অগ্রগতি

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কর্মসূচির মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের কাজ ২৭ ফেব্রুয়ারি ২০১৫ শুরু হয়েছে। সমীক্ষক দল চলতি (২০১৪-১৫) অর্থবছরে ময়মনসিংহ, নেত্রকোণা, টাঙ্গাইল, শেরপুর ও গাজীপুর জেলার গারো, বানাই, ডালু, কোচ, লিঙ্গম, হাদি ও বর্মণ ভাষার তথ্য-উপাস্ত এবং এ অঞ্চলে বসবাসরত অন্যান্য ভাষিক সম্প্রদায়ের তথ্যাদি সংগ্রহ করেছেন। সিলেট, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, করুবাজার ও পটুয়াখালীসহ অন্যান্য জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষিক তথ্য সংগ্রহের কাজ শেষ হয়েছে এবং বর্তমানে এর প্রতিবেদন প্রকাশের কার্যক্রম চলছে।

আমাই প্রতিনিধিদলের জাপানে শিক্ষাসফর

ভাষা সংগ্রহ ও সংরক্ষণের বিষয়ে মতবিনিময় এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটকে ইউনেস্কো ক্যাটিগরি-২ প্রতিষ্ঠানে রূপান্তরের লক্ষ্যে ইনসিটিউটের প্রাক্তন পরিচালক (যুগ্ম সচিব) ড. অরংগা বিশ্বাসের নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধিদল ৪-১৩ এপ্রিল ২০১৫ জাপান সফর করেন। এ সফরে অংশগ্রহণ করেন ইনসিটিউটের প্রাক্তন উপপরিচালক মো. জহির রায়হান ও শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সায়মা ইউনুস। তারা ওসাকার সাকাই শহরে অবস্থিত *International Research Centre for Intangible Cultural Heritage* এবং টেকিওর তাছিকাওয়া শহরের *National Institute for Japanese Language and Linguistics (NINJAL)* পরিদর্শন করেন। প্রতিনিধিদল উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত কর্মশালায়ও অংশগ্রহণ করেন।

২০১৪-১৫ অর্থবছরের ব্যয় বিবরণ

জুলাই ২০১৪ থেকে জুন ২০১৫ পর্যন্ত ব্যয় বিবরণী

আন্তর্জাতিক মাত্রায় ইনসিটিউট

কোড নং	খাত/উপখাত	সংশোধিত বরাদ্দ বিভাজন	১ম-৩য় কিস্তি	ব্যয়	অবশিষ্ট
৪৫০১	কর্মকর্তাদের বেতন	২৫০০০০০	১৮৭৫০০০	২১৪৯৬১৩.২	৩৫০৩৮৬.৮
৪৬০১	কর্মচারীদের বেতন	১০০০০০	৭৫০০০	৬৫৯৪০৩.২৯	৩৪০৫৯৬.৭১
৪৭০১	মহার্ঘ ভাতা	৮০০০০	৬০০০০	৫৭১৮৯৪	২২৮১০৬
৪৭০৫	বাড়িভাড়া ভাতা	১৪০০০	১০৫০০০	১৩৮৩২০৪.৯৬	১৬৭৯৫.০৪
৪৭০৯	শ্রান্তি বিনোদন ভাতা	২০০০০	১৫০০০	০	২০০০০
৪৭১৩	উৎসবভাতা	৩৮৫০০	২৮৮৭৫০	৬২৭১২২.৩২	-২৪২১২২.৩২
৪৭১৭	চিকিৎসা ভাতা	১৩০০০	৯৭৫০০	১২৭৯৩৬.৬২	২০৬৩.৩৮
৪৭২৫	খোলাই ভাতা	৫০০০	৩৭৫০০	০	৫০০০
৪৭৩৩	আপ্যায়ন ভাতা/ব্যয় নিয়ামক ভাতা	৮০০	৬০০	৯০০	-১০০
৪৭৫৫	চিফিন ভাতা	১৮০০	১৩৫০	১৭৩৬৫	৬৩৫
৪৭৬৫	যাতায়াত ভাতা	১৮০০	১৩৫০	১৭৩৬৫	৬৩৫
৪৭৬৯	অতিরিক্ত কাজের ভাতা	৩০০০০	২২৫০০	০	৩০০০০
৪৭৭৩	শিক্ষাসহায়ক ভাতা	৩০০০	২২৫০০	৩০০০	০
৪৭৯৫	অন্যান্য ভাতা (মোবাইল, প্রেসণ ও অন্যান্য)	৮০০০০	৩০০০০	৩৬৩১৪২.১৮	৩৬৮৫৭.৮২
৪৮০১	অমগভাতা	১০০০০	৭৫০০	৩৯১৫০	৬০৮৫০
৪৮০৫	ওভার টাইম	১০৩০০	৭৭২৫০	১০০৫১০	২৪৯০
৪৮১০	পৌরকর	১৫০০	১১২৫০	০	১৫০০
৪৮১১	ভূমিকর	১০০০	৭৫০	২২৬৬	৭৭৩৪
৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম	৫০০০০	৩৭৫০০	৩৬১১৯৩	১৩৮৮০৭
৪৮১৭	ইন্টারনেট/ড্রেলেক্স/ফ্যাক্স	২০০০০	১৫০০০	১২৯০৩০	৭০৯৭০
৪৮১৯	পানি	১০০০০	৭৫০০	৬৪৮৮২	৩৫১১৮
৪৮২১	বিদ্যুৎ	১৫০০০০	১১২৫০০	১২৮২৫৯৫	২১৭৪০৫
৪৮২২	গ্যাস ও জ্বালানি	২২৫০০	১৬৮৭৫০	২৭৩৯২০	-৪৮৯২০
৪৮২৩	পেট্রোল ও লুট্রিক্যান্ট	২০০০০	১৫০০০	২০৭১৫২	-৭১৫২
৪৮২৭	মুদ্রণ ও প্রকাশনা	৫০০০০	৩৭৫০০	১৬৩৬৭৮	৩৩৬৩২২
৪৮২৮	স্টেশনারি দ্রব্যাদি	১০০০০	৭৫০০	৮১০৯৯	১৮৯০১
৪৮২৯	গবেষণা ব্যয়	১০০০০	৭৫০০	০	১০০০০

(চলমান)

কোড নং	খাত/উপখাত	সংশোধিত বরাদ্দ বিভাজন	১ম-ত্রয় কিণ্টি	ব্যয়	অবশিষ্ট
৪৮৩১	বইপত্র সাময়িকী	২০০০০০	১৫০০০০	১৯৯৮০২	১৯৮
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	৩০০০০০	২২৫০০০	২৩৩৩৪৭	৬৬৬৫৩
৪৮৩৬	ইউনিফর্ম	২০০০০	১৫০০০	০	২০০০০
৪৮৪০	প্রশিক্ষণ ব্যয়	১০০০০০	৭৫০০০	০	১০০০০০
৪৮৪২	সেমিনার, কনফারেন্স	৭০০০০০	৫২৫০০০	৩৭৪৩৬৯	৩২৫৬৩১
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	১১৫০০০	৮৬২৫০	১০৪৩২০	১০৬৮০
৪৮৫১	শ্রমিক মজুরি	৩০০০০	২২৫০০	২১৫৫০	৮৪৫০
৪৮৮৩	সম্মানী	৩০০০০০	২২৫০০০	২৭২৫৪২	২৭৪৫৮
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	১০০০০০	৭৫০০০	৫০১০০	৪৯৯০০
৪৮৯০	অনুষ্ঠান উৎসবাদি	১০০০০০০	৩৭৫০০০০	৩১০৭০৯৪	১৮৯২৯০৬
৪৮৯৯	অন্যান্য	২০০০০০০	১৫০০০০০	১৬০২৪৭১	৩৯৭৫২৯
৪৯০১	মটরযান মেরামত	২০০০০০	১৫০০০০	৮৮৪৩৭	১১১৫৬৩
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	৯৩০০০	৮৯৭৫০	৪৮০৩২	৪৪৯৬৮
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়	২০০০০০	১৫০০০০	১৯৮৭৬০	১২৪০
৬৮২১	আসবাবপত্র	২৫০০০০	১৮৭৫০০	২৪৬০২৬	৩৯৭৪
	ব্যাংক কর্তন (২০১৪-২০১৫)	০	০	১২৫০	০
		২০৫০০০০০	১৫৩৭৫০০০	১৫২০৯৬২১.৫৭	১৬৫৩৭৮.৪৩

আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)


জুলাই ২০১৪ হতে জুন ২০১৫ পর্যন্ত ব্যয় বিবরণী

কোড নং	খাত/উপখাত	বরাদ্দ	ব্যয়	অবশিষ্ট
৪৫০১	কর্মকর্তাদের বেতন	২৫০০০০	২১১১৭৭	৩৮৮২৩
৪৬০১	কর্মচারীদের বেতন	১৩৫০০০	১৩২০০০	৩০০০
৪৭০১	মহার্ঘ ভাতা	৯০০০০	৭৮২৩৫	১১৭৬৫
৪৭০৫	বাড়িভাড়া ভাতা	২৫০০০০	১৯৫৩৪৮	৫৪৬৫২
৪৭০৯	আন্তি বিনোদন ভাতা	২০০০০	১৮৫০০	১৫০০
৪৭১৩	উৎসবভাতা	৬৭০০০	৮৫১০০	-১৮১০০
৪৭১৭	চিকিৎসাভাতা	৩৫০০০	২৪৫০০	১০৫০০
৪৭৫৫	টিফিন ভাতা	৬০০০	৩৬০০	২৪০০
৪৭৬৫	যাতাযাত ভাতা	৬০০০	৩৬০০	২৪০০
৪৭৭৩	শিক্ষাসহায়ক ভাতা	৬০০০	২৪০০	৩৬০০
৪৭৯৫	অন্যান্য ভাতা	২০০০০	৮২২৩৫	-২২২৩৫
৪৮০১	অমণভাতা	২৪২৭০০০	১৩০৩১০১	১১২৩৮৯৯
৪৮০৫	ওভার টাইম	৯০০০০	৭১১৬৭	১৭৮৩৩
৪৮২২	গ্যাস ও জ্বালানি	১০০০০০	৭৫১৯২	২৪৮০৮
৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	৭৫০০০	৬২৭৮৭	১২২১৩
৪৮২৮	স্টেশনারি দ্রব্যাদি	২০০০০	১৩৫৭৪	৬৪২৬
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	৫০০০	১০৪৩	৩৯৫৭
৪৭৭৪	পরামর্শক (সিভিল)	৪৯৬৮০০০	৪৩০৫০০০	৬৬৩০০০
৪৮৮৩	সম্মানী	৫০০০০	৪৯৫০০	৫০০
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	৩০০০০	২৪০২৪	৫৯৭৬
৪৮৯৯	অন্যান্য	১২৫০০০০	১২২৪১৮৯	২৫৮১১
৪৯০১	মাটেরিয়াল মেরামত	৬০০০০	৫০৬৩৭	৯৩৬৩
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	৪০০০০	০	৪০০০০
৭০০৬	অফিস ভবন নির্মাণ	২০০০০০০০০	২০০০০০০০০	০
	ব্যাংক চার্জ কর্তন		১১৭২৫	
		২১০০০০০০০	২০৭৯৮৯৬৩৪	২০১০৩৬৬

জুলাই ২০১৪ থেকে জুন ২০১৫ পর্যন্ত বায় বিবরণী

বাংলাদেশের গৃহায়োবঙ্গোনিক সমীক্ষা

ক্রমিক নং	দণ্ডনি/ অধিবাহকের শাখা	খাতাতের নাম	মোট বয়াদ	২০১৩-২০১৪	২০১৪-২০১৫	জুলাই ২০১৪ থেকে অর্থবছরের জুন ২০১৫ পর্যন্ত	পঞ্জীত বায়	অর্থস্থিত অর্থ ২০১৫-২০১৬ অর্থবছরের জন্ম বরাদ্দ রাখার প্রস্তুতি (৪-৯)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১.	বাংলাদেশের গভর্নর	গবেষণা প্রকল্প মুদ্রণ ও প্রক্ষেপণ	৫৫,৪০	৬০০	০	-	-	৬৫,৪০
০২.	বেঙ্গালুরু সমীক্ষা, বিডিএ ইত্যাদি	অব্যবহৃত, এটিটি, প্রক্র বিডিএ ইত্যাদি	৩০,৮০	০	০	-	-	৩০,৮০
০৩.	আঙ্গোনিক মাদ্রাসা ইনসিটিউট	প্রামাণিকরণ (বইপত্র, সমাজিকী, দানাদ)	১২,০০	৯,০০	০,১৭১	১,৫০	০,২৫	১,৫১৭
০৪.	কর্মশালা ও প্রশিক্ষণ বায়	২০,০৩	১৫,০০	০	১০,০০	৮,১২৭	৫,২১৭	১১,৮০৩
০৫.	সম্পর্কীয়/পারিশ্রমিক	৫৬,৪৫	২৬,০০	১,৬০০	৮৫,০০	৭৯,৩৪৬	৮০,৯৪৫	১৫,৫০৫
০৬.	নাটক (নাটকৰ)	১৭৯,২০	০	৪৬,০০	৬২,৪৫৭	৬২,৪৫৭	৭৬,৭৪৩	
০৭.	কর্মসূচি মিটিং	৭,১৮৫	২,৫০	০,৭৯৮	৭,৫০	১,৯৪৫	২,৭৮০	৭,৫৫১
০৮.	আণুষ্ঠানিক অনুসন্ধান বায়	২২,০৬	১২,০০	১,৫৫৫	৭,০০	২,৬২৭	৮,১৮২	১৭,৮১৮
০৯.	যত্নপাতি	৩০,৯০	৩০,৯০	০	৩০,৯০	২৯,০২২	২৯,০২২	১,৮৭৬
১০.	অধিকার সরকার	৬,১৪	৬,১৪	১,২৭৯	১,২৭৯	০,৮১৭	১,৬৭৯	২,৮৮৮
	সর্বমোট=	৭৮৯,৮৩	২৪৮,৯৮	১০,০০	১৪৪,৬৭	১৪৪,৬৭	১৫১,৬৭	২৩৭,৭৪



আন্তর্জাতিক মাতৃভাষা

দিবস ২০১৫



MARTYRS' DAY

INTERNATIONAL MOTHER LANGUAGE DAY 2015

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উপলক্ষে প্রকাশিত স্মরণিকার প্রচলনচিত্র



আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট (আমাই)

ইউনেক্স ক্যাটগরি-২ ইনসিটিউট

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০